# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
## Date : 24-04-2025
## Time: 07.35-07.40 AM Hrs
## BENGALI MORNING BULLETIN

---

**J & K :**

জম্মু কাশ্মীরের পেহেলগামে জঙ্গি আক্রমণের ঘটনার বিরুদ্ধে ভারত সরকার বেশ কয়েকটি কঠোর সিদ্ধান্ত গ্রহণ করেছে। সিন্ধু জল চুক্তি ১৯৬০ বাতিল করা হয়েছে। এর সাথে আরটারি ওয়াঘা সীমান্ত বন্ধ করা হয়েছে। গতকাল রাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পৌরহিত্যে তাঁর বাসভবনে নিরাপত্তা বিষয়ক কেন্দ্রীয় কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিদেশ মন্ত্রকের সচিব বিক্রম মিশ্রী জানান, পাকিস্তান নাগরিকদের ভারতে প্রবেশের ক্ষেত্রে সার্ক ভিসা বাতিল করা হয়েছে। তাছাড়া ভারতে অবস্থানরত সমস্ত পাকিস্তান নাগরিকদের ৪৮ ঘন্টার মধ্যে ভারত ছেড়ে যেতে বলা হয়েছে।

#########Byte- Vikram Misri########

সভায় দেশের প্রতিরক্ষার ৩টি স্তম্ভ স্থল, বায়ু ও নৌ বাহিনীকে বিশেষভাবে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। পাকিস্তানে নিযুক্ত ভারতীয় হাইকমিশনে কর্মরতদের সংখ্যা কমিয়ে ৫৫ থেকে ৩০-এ আনা হয়েছে। তাছাড়া ইসলামাবাদে ভারতীয় হাইকমিশনে নিযুক্ত ভারতের তিন সেনাবাহিনীর উপদেষ্টাদের প্রত্যাহার করা হয়েছে। এদিনের সভায় পেহেলগামে জঙ্গি হামলার বিষয়ে প্রধানমন্ত্রীর কাছে বিস্তারিত তথ্য তুলে ধরা হয়। নিরাপত্তা বিষয়ক কেন্দ্রীয় কমিটি নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে তাদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছে। আহতদের দ্রুত আরোগ্য কামনা করা হয়েছে।

*************************

**National Panchayat Awards 2025 :**

আজ জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারের মধুবনি জেলার ঝাঞ্জারপুর ব্লকের লোহনা উত্তর গ্রাম পঞ্চায়েতে এক অনুষ্ঠান থেকে সারা দেশে পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠান এবং গ্রাম সভাগুলিতে ভাষণ দেবেন। পাশাপাশি 'জাতীয় পঞ্চায়েত পুরস্কার ২০২৫' পুরস্কার প্রদান করবেন। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেশ কয়েকটি প্রকল্পের শিলান্যাসও করবেন।

*****************************

**AMC-Budget :**

মেয়র দীপক মজুমদার গতকাল আগরতলা পুর নিগমের ২০২৫-২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন। প্রস্তাবিত বাজেটে ব্যয় ধরা হয়েছে ৪৭৬ কোটি ৫৫ লক্ষ টাকা। সম্ভাব্য আয় ৪৭৫ কোটি ৮৩ লক্ষ টাকা। ঘাটতি ধরা হয়েছে বাহাত্তর লক্ষ দুই হাজার টাকা। মেয়র শ্রী মজুমদার জানান, গত বছরের তুলনায় চলতি অর্থবছরে প্রস্তাবিত আয় ৫৯ কোটি ছিয়াশি লক্ষ টাকা এবং ব্যয় ঊনষাট কোটি একাশি লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে। আগরতলা পুর নিগমের নিজস্ব আয় ও সরকারী অনুদানপ্রাপ্তির মাধ্যমে ঘাটতি পূরণ করা হবে। বাজেটে বেশ কিছু নতুন প্রকল্প প্রস্তাব করা হয়েছে।

***************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের ফলাফল আগামী মে মাসের প্রথম সপ্তাহে প্রকাশিত হবে। গতকাল ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী এই খবর জানিয়েছেন।

*************************

**Minister Sukla Charan Noatia :**

সংখ্যালঘু কল্যাণমন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়ার পৌরোহিত্যে গতকাল রাজ্যের ব্রু-রিয়াং জনজাতিদের আরও উন্নত পরিষেবা দেওয়ার লক্ষ্যে গোর্খাবস্তিতে

আদিম জাতি পূর্ণবাসন দপ্তরে এক পর্যালোচনা বৈঠকে অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, স্বশাসিত জেলা পরিষদের সদস্য ভুমিকানন্দ রিয়াং, আদিম জাতি পূর্ণবাসন দপ্তরের অধিকর্তা নগেন্দ্র দেববর্মা প্রমুখরা। মন্ত্রী শ্রী নোয়াতিয়া জানান, বৈঠকে মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্প, অর্থনৈতিক উন্নয়নের জন্য বৃক্ষরোপণের বার্ষিক পরিকল্পনা, সাধারন নাগরিকদের আর্থিক সাবলম্বী করার ক্ষেত্রে উন্নত মানের বাঁশ রোপণ করা সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে।

***************************

**Bikash Debbarma-Meet :**

ব্রু রিসেটেলমেন্ট রিপ্রেসেন্টেটিভের একটি প্রতিনিধি দল গতকাল জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মার সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে প্রতিনিধিদলের পক্ষ থেকে ব্রু সম্প্রদায়ের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ দাবি উত্থাপন করা হয়।

*****************************

**Awareness camp on cyber crime :**

সাইবার প্রতারণা প্রতিরোধে গতকাল পুরাতন আগরতলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আইনি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত এই শিবিরে আলোচনা করেন সাইবার ক্রাইম ব্রাঞ্চের ইনস্পেক্টর টিটন পাল, পুরাতন আগরতলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সোমা দেববর্মা এবং অধিকার মিত্র রাজীব কুমার পাল। শ্রী পাল বলেন, বর্তমান ডিজিটাল যুগে প্রযুক্তির সুবিধার পাশাপাশি সাধারণ মানুষ প্রতিনিয়ত বিভিন্ন ধরনের সাইবার জালিয়াতির মুখোমুখি হচ্ছেন। তাই প্রতিটি নাগরিকের উচিত নিজের তথ্য সচেতনভাবে ব্যবহার করা এবং সন্দেহজনক কিছু ঘটলে পুলিশের সহায়তা নেওয়া।

***************************

**TFA Meeting :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের গভর্নিং বডির বৈঠকে গত অর্থ বছরের ১ কোটি ৩২ লক্ষ টাকার আয় ব্যয়ের হিসাব গতকাল সন্ধ্যায় পাশ হয়েছে। টিএফএ অফিসে অনুষ্ঠিত বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। এর সাথে নতুন অর্থ বছরের ৮৬ লক্ষাধিক টাকার বাজেটও পাশ হয়। বৈঠক শেষে সচিব অমিত চৌধুরী জানান, আয় ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে পাশ হয়। নতুন অর্থ বছরের জন্য ৮৬ লক্ষাধিক টাকার বাজেটে তৃণমূল স্তরে ফুটবলের প্রসারে জোর দেয়া হয়েছে। সচিব জানান, আগামী বছর অনূর্ধ্ব ১৩, ১৫ ও ১৭ বছরের রাজ্যস্তরের আসর করা হবে। এর সাথে হবে অনূর্ধ্ব ৯ বছরের বিভাগে বেবি ফুটবল।

***************************